দৈনিক ইত্তেফাক
দৈনিক ইত্তেফাক
তারিখ ... 17 NOV 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫

66

## সরকারী কলেজ শিক্ষকদের কর্মবিরতি

(ইত্তেফাক রিপোর্ট)

বিসিএস সাধারণ শিক্ষা সমিতি ৫ দফা দাবীতে আজ (শনিবার) হইতে অবিরাম কর্মবিরতির সিদ্ধান্ত নিয়াছে। ইহার ফলে

(১১শ পৃঃ দ্রঃ)

## সরকারী কলেজ শিক্ষকদের

(১ম পৃঃ পর)

আজ হইতে সরকারী কলেজসমূহ বন্ধ হইয়া যাইবে। সভানেত্রী অধ্যক্ষা রাশিদা বেগমের সভানেত্রীত্বে এক সাধারণ সভায় গতকাল (শুক্রবার) বলা হইয়াছে, ১৫ই নভেম্বর পর্যন্ত এক মাসের সময় প্রদানের পরও শিক্ষামন্ত্রণালয় আলোচনার মাধ্যমে দাবীপূরণের কোন উদ্যোগ নেয় নাই। পদোন্নতির ক্ষেত্রে গ্রেডেশন তালিকা, সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির ক্ষেত্রে অনিয়ম দূরীকরণ, টাইমস্কেল ৫ দফা দাবীর মধ্যে অন্যতম।